

মেডিকলে ভর্তি হতে নম্বর ১২০ লাগবেই

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

ঢাকা বিশ্ববিদ্যালয় বলেছে, এই বিশ্ববিদ্যালয়ে অধীভুক্ত বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় ন্যূনতম ১২০ নম্বর পেতে হবে। গতকাল মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব প্রতিষ্ঠানে ভর্তি-ইচ্ছুকদের সতর্ক করে বলা হয়েছে। এর কম নম্বর নিয়ে ভর্তি হলে তাঁদের বিশ্ববিদ্যালয় থেকে রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মেডিকেল ও ডেন্টাল কলেজে ২০১৩-১৪ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির জন্য আগ্রহী ছাত্রছাত্রীদের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে গৃহীত ভর্তি পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে সর্বনিম্ন ১২০ নম্বর পেতে হবে, এমন সিদ্ধান্ত হয়। সতর্কতা: কোনো কোনো কলেজ নির্ধারিত ১২০ নম্বরের কম নম্বর প্রাপ্ত ছাত্রছাত্রীদের ভর্তির জন্য পরীক্ষায় বিজ্ঞপ্তি দিয়েছে।

কলেজ পরিদর্শক বিমল কান্তি ওহ বলেন, এ ধরনের বিজ্ঞাপন দেওয়ার জন্য আগামীকাল (আজ) কলেজগুলোকে কারণ-দর্শনার নোটিশ দেওয়া হবে।